দৈনিক সংবাদ

তারিখ ... ... FEB 1 3 2000
পৃষ্ঠা ১২ কলাম ১

44

### ধর্ষণ চেষ্টার অভিযোগ ঃ তদন্ত কমিটির রিপোর্ট

# বিএম কলেজের ছাত্র হোস্টেলে ছাত্রী ও ছাত্রী হোস্টেলে ছাত্রদের প্রবেশ নিষিদ্ধ

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ বিএম কলেজের অশ্বিনী কুমার ছাত্রাবাসে কলেজের একজন ছাত্রীকে নির্যাতনের ঘটনায় গঠিত অভ্যন্তরীণ তদন্ত কমিটির রিপোর্ট ও সুপারিশের ভিত্তিতে কলেজের সকল ছাত্র ও ছাত্রী হোস্টেলে কড়াকড়ি আরোপ করা হয়েছে।

গত ৭ই ফেব্রুয়ারি সকালে অশ্বিনী কুমার ছাত্রাবাসের ৩১৯ নং কক্ষে অবস্থানকারী বহিরাগত চম্পক মণ্ডল কলেজের বাংলা (সম্মান) ১ম বর্ষের ছাত্রী নাজনীন আরা নীপাকে ধর্ষণের চেষ্টা করলে ছাত্রীটি অভিযুক্ত চম্পককে ছুরিকাঘাত করে নিজের ইজ্জত রক্ষা করে। পরে নীপা অভিযুক্ত চম্পক মণ্ডলের বিরুদ্ধে নারী নির্যাতন আইনে মামলা দায়ের করে।

ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে কলেজের অধ্যক্ষ বাংলা বিভাগের প্রধান মোজাম্মেল হককে প্রধান করে ৫ সদস্যবিশিষ্ট অভ্যন্তরীণ তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি শুক্রবার রাতে অধ্যক্ষের কাছে প্রতিবেদন দাখিল করে। ৮ জনের মতামত, বিবৃতি ও প্রশ্নোত্তরের ভিত্তিতে এই প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির সুপারিশসমূহে রয়েছে অভিযুক্ত চম্পক মণ্ডলকে আশ্রয়দাতা ছাত্রাবাসে বসবাসকারী মুনির হোসেনের বিরুদ্ধে ছাত্রনিবাস আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ, অভিযুক্ত যুবকের বিরুদ্ধে নীপার দায়েরকৃত মামলা পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান, ছাত্রছাত্রী নিবাসে যথাযথভাবে নিয়ম-শৃংখলা পালন, চম্পক মণ্ডলকে বহিষ্কারের জন্য কলেজ অফ এডুকেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা ইত্যাদি।

তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে কলেজ অধ্যক্ষ অশ্বিনী কুমার ছাত্রাবাসের তত্ত্বাবধায়ককে মুনির হোসেনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিয়েছেন। অধ্যক্ষ কলেজ অফ এডুকেশন কর্তৃপক্ষকে অভিযুক্ত চম্পক মণ্ডলকে বহিষ্কার করার জন্য অনুরোধ জানিয়েছেন।

এদিকে অধ্যক্ষের নির্দেশে ছাত্রছাত্রী নিবাসের তত্ত্বাবধায়কগণ ছাত্রদের হোস্টেলে ছাত্রীদের এবং ছাত্রীদের হোস্টেলে ছাত্রদের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছেন।

উল্লেখ্য, বিএম কলেজের ছাত্রদের ৪টি এবং ছাত্রীদের ১টি হোস্টেল রয়েছে। ছাত্রীদের একমাত্র হোস্টেলটির অবস্থা বেহাল। হোস্টেলটির সামনে সবসময়ই প্রচণ্ড ভিড় থাকে। হোস্টেলের সামনে অবস্থিত দোকানগুলোতে সব সময়ই ছাত্রীদের নিয়ে ছেলেদের খোশগল্প করতে দেখা যায়। শনিবার কলেজ অধ্যক্ষ ও ছাত্রীনিবাসের তত্ত্বাবধায়কের যুক্ত স্বাক্ষরে প্রচারিত নোটিশে ছাত্রীদেরকে হোস্টেলের নিয়ম-শৃংখলা মেনে চলার নির্দেশ দেয়া হয়েছে। সইয়ে ভবিষ্যতে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কোনরূপ বিশেষ ব্যবস্থা নিলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না বলে উল্লেখ করা হয়েছে। নোটিশের কপি নিকটবর্তী দোকানগুলোতেও সরবরাহ করা হয়েছে।